

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
নির্বাচন ব্যবস্থাপনা ও সময় শাখা-১
www.ecs.gov.bd

অতীব জরুরি
নির্বাচন অগ্রাধিকার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭-২৫৬

তারিখঃ ২০ বৈশাখ ১৪২৪
০৩ মে ২০১৭

বিষয় : পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচন পর্যবেক্ষক নিয়োগ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৮ মে ২০১৭ তারিখ মেহেরপুর জেলার মেহেরপুর পৌরসভার নিম্নবর্ণিত বন্ধ ঘোষিত ০২টি ভোটকেন্দ্রে এবং সিলেট জেলার বিয়ানীবাজার পৌরসভার বন্ধ ঘোষিত ০১টি ভোটকেন্দ্রে মেয়র, সংশ্লিষ্ট সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে পুনঃ ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনসমূহের ভোটগ্রহণ সুষ্ঠু, অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে এবং প্রতিটি ভোটকেন্দ্রের নির্বাচনের পরিস্থিতি নিবিড় ও গুঞ্জনপূর্ণভাবে পর্যবেক্ষণের নিমিত্ত ভোটগ্রহণের পূর্ব দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দিন অর্থাৎ ০৭-০৯ মে ২০১৭ তারিখের জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণকে নির্বাচন পর্যবেক্ষক হিসেবে নিয়োগ প্রদান করা হলঃ

ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)	বর্তমান কর্মস্থল	মোবাইল নম্বর
সিলেট জেলার বিয়ানীবাজার পৌরসভার জন্য			
০১	জনাব সাইদুর রহমান উপজেলা নির্বাচন অফিসার	উপজেলা নির্বাচন অফিস গোলাপগঞ্জ, সিলেট	০১৭১১৯৬৬৬০৪
মেহেরপুর জেলার মেহেরপুর পৌরসভার জন্য			
০১	জনাব মোঃ আলমগীর হোসেন উপজেলা নির্বাচন অফিসার	উপজেলা নির্বাচন অফিস মাগুরা সদর, মাগুরা	০১৭১১০৬২৭৫৮ ০১৯১৩১২৪৩৩৮

০২। নির্বাচন কমিশনের পর্যবেক্ষক হিসেবে নিয়োজিত কর্মকর্তাগণ নিম্নরূপভাবে দায়িত্বপালন করবেনঃ

- নিয়োগপ্রাপ্ত পর্যবেক্ষকগণ ০৭-০৯ মে ২০১৭ অর্থাৎ ০৩(তিন) দিন নির্বাচনি এলাকায় দায়িত্বপালন করবেন;
- নিয়োগপ্রাপ্তগণ ০৬ মে ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার-এর নিকট রিপোর্ট করবেন;
- রিটার্নিং অফিসার উক্ত দিনেই নিয়োগকৃত পর্যবেক্ষকগণের পর্যবেক্ষণ এলাকা বণ্টন করবেন এবং এর একটি তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন;
- রিটার্নিং অফিসার নিয়োগপ্রাপ্ত পর্যবেক্ষকগণকে নির্বাচনি এলাকার পরিস্থিতি এবং সুষ্ঠু, সুন্দর ও অবাধ নির্বাচন অনুষ্ঠানে তাদের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনে করণীয় সম্পর্কে অবহিত করবেন;
- রিটার্নিং অফিসার কর্তৃক দায়িত্ব পাওয়ার অনতিবিলম্বে দায়িত্বপ্রদানকৃত এলাকায় পর্যবেক্ষকগণ অবস্থান করে পরিস্থিতি পর্যবেক্ষণ করবেন;
- পর্যবেক্ষণকালে আইন ও বিধি অনুসারে কোনরূপ অনিয়ম বা ত্রুটি-বিচ্যুতি (যেমন-ব্যালট ছিনতাই, আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি, ভোটারদের কেন্দ্রে প্রবেশে বাধা প্রদান, জাল ভোট, অবৈধ প্রভাব বিস্তারের প্রচেষ্টা ইত্যাদি) নজরে আসা মাত্র টেলিফোন বা মোবাইল এর মাধ্যমে এবং প্রয়োজনে লিখিতভাবে নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব/অতিরিক্ত সচিব মহোদয় এবং সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন; এবং
- পর্যবেক্ষণ সমাপ্ত হলে সংযুক্ত ছকে ২৪(চব্বিশ) ঘণ্টার মধ্যে প্রতিবেদন এবং গুরুত্বপূর্ণ ঘটনা ঘটলে তা অতিরিক্ত কাগজে লিপিবদ্ধপূর্বক সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এবং সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার-এর নিকট দাখিল করবেন।

০৩। উপর্যুক্ত নির্দেশনা অনুসারে দায়িত্বপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ পর্যবেক্ষণ প্রতিবেদন ছক

(মোঃ রাজীব আহসান)
সহকারী সচিব
ফোনঃ ০২-৫৫০০৭৫৫৮

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- জেলা নির্বাচন অফিসার, মেহেরপুর/সিলেট ও রিটার্নিং অফিসার
- দায়িত্বপ্রাপ্ত পর্যবেক্ষক,(সকল)


} পর্যবেক্ষকগণের অধিক্ষেত্র বণ্টন করে এর একটি তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭-২৫৬

তারিখঃ ২০ বৈশাখ ১৪২৪
০৩ মে ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, খুলনা/সিলেট বিভাগ
৩. উপমহাপুলিশ পরিদর্শক, খুলনা/সিলেট রেঞ্জ
৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. জেলা প্রশাসক, মেহেরপুর/সিলেট [পর্যবেক্ষকগণের আবাসন ও যাতায়াতের জন্য যানবাহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল]
৭. পুলিশ সুপার, মেহেরপুর/সিলেট [পর্যবেক্ষকগণের নিরাপত্তার প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হল]
৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা/সিলেট অঞ্চল
১০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. উপজেলা নির্বাহী অফিসার,(সংশ্লিষ্ট)
১৩. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য]
১৪. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
[মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য]
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
১৬. সিনিয়র সহকারী সচিব, জনবল ব্যবস্থাপনা-১/বাজেট ও অর্থ শাখা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. উপজেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১৮. অফিসার ইনচার্জ,(সংশ্লিষ্ট থানা)


(মোঃ রাজীব আহসান)
সহকারী সচিব